

## Topic – অনুচ্ছেদ রচনা

১) নীচের ছবিটি দেখে নিজের ভাষায় ৮ টি বাক্যে একটি অনুচ্ছেদ লেখো।



### এটি একটি নমুনা অনুচ্ছেদ রচনা।

উঃ আমার বাড়ির পাশের মাঠে একটি রথের মেলা বসেছিল। আমি আমার বাবা আর মায়ের সাথে মেলা দেখতে গিয়েছিলাম। সেখানে অনেক লোকের ভিড় হয়েছিল। আমরা রথের দড়ি ধরে টেনেছিলাম। মেলাতে অনেক ধরনের দোকান বসেছিল। আমরা খাবারের দোকান থেকে ফুচকা, জিলিপি ও পাঁপড় খেয়েছিলাম। নাগরদোলায় চড়ে আমরা খুব মজা করেছিলাম। সবার শেষে আমি মেলা থেকে একটি লাল রঙের বেলুন কিনে বাড়ি ফিরে এসেছিলাম।